

দৈনিক  
কিলাব

দৈনিক  
কিলাব

29 JUN 2009  
২৯ জুন ২০০৯

## বিআইটিগুলোকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা হবে প্রধানমন্ত্রী

এ টি এম রফিক ॥ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, দেশের প্রাকৃতিক সম্পদের সর্বোৎকৃষ্ট ব্যবহার, স্থানীয়ভাবে টেকসই প্রযুক্তি উদ্ভাবন, দেশের সার্বিক উন্নয়নে প্রকৌশল শিক্ষা ও গবেষণার প্রসার এবং শিল্পের সাথে প্রযুক্তি শিক্ষার সম্পূর্ণ যুক্তি করার উদ্দেশ্যে নিজেই বিআইটিগুলোকে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। আশা করি শীঘ্রই পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় হিসাবে স্থাপনা বিআইটি কাজ শুরু করতে পারবে ইনশাআল্লাহ।

গতকাল (শনিবার) স্থাপনা বিআইটির দ্বিতীয় সমাবর্তন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন।

বেগম জিয়া বলেন, একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলা ও নয়া সহস্রাব্দে চাহিদা পূরণে সম্যাপযোগী বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার দ্রুত প্রসারের লক্ষ্যকে ২-এর পূঃ ৪-এর কঃ দেবুন

## বিআইটিগুলোকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় করা হবে

৮-এর পূঃ ৪-এর কঃ দেবুন  
সামনে রেখে বর্তমান সরকার বিআইটিগুলোকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার জন্য ইতিমধ্যে জাতীয় সংসদে বিলও উত্থাপন করেছে। প্রধানমন্ত্রী বলেন, কেবল শিক্ষার প্রসারই শেষ কথা নয়। আমাদের প্রয়োজন মানসম্পন্ন শিক্ষা। যে শিক্ষা হবে জ্ঞাননির্ভর, বাস্তবভিত্তিক, প্রয়োগিক এবং মানবিক মূল্যবোধে উজ্জীবিত। সে ধরনের শিক্ষার অনুশীলন আমাদের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে হতে হবে। প্রধানমন্ত্রী বলেন, শিক্ষা ক্ষেত্রে বৈধতা দৃষ্টিকরণে আমরা মাস্ট্রাসা শিক্ষাকে যুগ-উপযোগী করার কাজ শুরু করেছি। এবতেদায়ী মাস্ট্রাসার ছাত্র-ছাত্রীদেরও বিনামূল্যে পাঠ্যপুস্তক দেয়া হচ্ছে। পরীক্ষায় নকল ব্যাপকভাবে কমিয়ে

আনা হয়েছে। নকল সম্পূর্ণ বন্ধ করতে হবে। এ ব্যাপারে আপনারা সকলে আমাদের সাথে সহযোগিতা করুন। প্রধানমন্ত্রী সমাবর্তনে সনদপ্রাপ্ত ছাত্রছাত্রীদের উদ্দেশে বলেন, দেশ ও জাতির ভবিষ্যৎ তোমরাই। আমরা তোমাদের জন্য শিক্ষার সুষ্ঠু ও সুস্থ পরিবেশ নিশ্চিত করতে চাই। শিক্ষার পরিবেশ বিশেষ করে প্রকৌশল বিদ্যালয়গুলোর সুষ্ঠু পরিবেশ কতিয়কত হলে দেশ ও জাতি হবে বেশী কতিয়কত। প্রকৌশল বিদ্যালয়গুলোর সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে তোমাদেরকেই বিশেষ ভূমিকা রাখতে হবে। অন্যথায় তোমাদের শিক্ষা হবে অসম্পূর্ণ। বিআইটির পরিচালক প্রফেসর ডঃ মোঃ নওশের আলী মোড়লের সভাপতিত্বে সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুক, সমাবর্তন বক্তা প্রফেসর ডঃ মোশারফ হোসেন খান ও বিআইটির বোর্ড অব গভর্নর্সের চেয়ারম্যান প্রফেসর ডঃ নূরুল ইসলাম বক্তৃতা করেন। এছাড়া অনুষ্ঠানে যোগাযোগমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা, সমাজ কল্যাণমন্ত্রী আলী আহসান মোহাম্মদ মুজাহিদ, এমপি আলী আসগর লসী, এমপি নূরুল ইসলাম দাদু, এমপি মিয়া গোলাম পরওয়ার, প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব মোসাম্মত আলী উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রী মেধাবী ছাত্রছাত্রীদের স্বর্ণপদকও প্রদান করেন।